


তোমরা 17/06/20 তে worksheet no. 22 -এ প্রার্থনা কবিতাটি পড়েছ। আজ তোমরা প্রার্থনা কবিতা থেকে প্রশ্ন উত্তর লিখবে। তোমাদের পাঠ্যবই সঞ্চয়িতা-তে 79, 80, 81 পৃষ্ঠা থেকে যে সমস্ত প্রশ্নগুলি দেওয়া হল সেগুলির উত্তর পাঠ্যবইয়ের যে খাতা সে খাতায় লিখবে। পৃষ্ঠার ওপরে worksheet no. এবং date দেবে।

■ নৈব্যক্তিক প্রশ্নাবলি :

/(ক) সঠিক উত্তরটি বেছে নিয়ে টিক (✓) চিহ্ন দাও: 

(১) জীবন আমার করে —

(অ) ফুলের মতন

(আ) গাছের মতন

(ই) মানুষের মতন

(ঈ) পাখির মতন



(২) ওগো দয়াময় তুমি থাকো সাথে সাথে শোভা করি —

(অ) পরের জীবন

(আ) আমার জীবন

(ই) সকলের জীবন

(ঈ) আমাদের জীবন

(৩) অন্ধের যষ্টির মতো করো গো আমারে —

(অ) দুঃখীর নির্ভর

(আ) অন্ধের নির্ভর

(ই) পরের নির্ভর

(ঈ) মানুষের নির্ভর

(৪) প্রাণপণে আমি যেন দুঃখী অনাথারে —

(অ) সেবি নিরন্তর

(আ) সেবি কভুকাল

(ই) সেবি নিঃশব্দে

(ঈ) সেবি আনন্দে

(৫) আমার এ জীবনের সন্ধ্যায় প্রভাতে কাছে থাকো —

(অ) ভগবান

(আ) সর্বশক্তিমান

(ই) ঈশ্বর

(ঈ) ঠাকুর

(খ) সঠিক বাক্যে 'সত্য' ও ভুল বাক্যে 'মিথ্যা' লেখো :

(১) জীবন আমার করো ফুলের মতন শোভার আধার।

(২) পবিত্র গন্ধে যেন সকলের মন তুষি অনিবার।

(৩) শরৎ, হেমন্ত, গ্রীষ্ম, শীত, বর্ষাতে, হে সুন্দর থাকো অনুক্ষণ।

(৪) অন্ধের যষ্টির মতো করো গো সকলেরে দুঃখীর নির্ভর।

(৫) ওগো দয়াময় তুমি থাকো দূরে দূরে প্রাণে বল করহ বিধান।

(গ) শূন্যস্থান পূরণ করো :

(১) ওগো _____ তুমি থাকো সাথে সাথে।

(২) অন্ধের _____ মতো করো গো আমারে।

(৩) পবিত্র _____ যেন _____ মন তুষি অনিবার।

(৪) _____ আমি যেন দুঃখী অনাথারে সেবি নিরন্তর।

(৫) আমার এ জীবনের _____ প্রভাতে কাছে থাকো _____।

(ঘ) শব্দ মিল করো :

বামদিক	ডানদিক
ফুল	দয়াময়
যষ্টি	সেবি
দুঃখী অনাথ	পবিত্র সুগন্ধ
নির্ভর	অন্ধ
সর্বশক্তিমান	ভরসা

■ অতি সংক্ষিপ্ত প্রশ্নাবলি :

এক কথায় উত্তর দাও :



- (১) এই কবিতায় কবি ঈশ্বরকে কী কী নামে অভিহিত করেছেন?
- (২) কবিতায় যে ক-টি ঋতুর নাম দেওয়া হয়েছে সেগুলি উল্লেখ করো।
- (৩) কবি নিজে 'অন্ধের যষ্টি'-র মতো হতে চেয়েছেন কেন?
- (৪) জীবনের সম্বা ও প্রভাতে কাকে কাছে থাকতে অনুরোধ করছেন?
- (৫) কবি কাদের নিরন্তর সেবা করতে চেয়েছেন?